অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওসওয়েগোতে গভর্নর হোকলের 26 মিলিয়ন ডলারের মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী আবাসনের নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

হার্বার ভিউ স্কয়ার সাবেক ম্যানুফ্যাকচারিং ফ্যাসিলিটির এই সাইটে 75টি বাড়ি এবং নিচ তলায় বাণিজ্যিক স্থান নিয়ে আসছে

উন্নয়ন প্রকল্পটি স্টেটের 10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ অনুদানের অর্থায়নে পরিচালিত সিটির পুনঃউন্নয়ন পরিকল্পনার অংশ

বিনিয়োগটি 'CNY রাইজিং' এর সম্পূরক, যা হল সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতির বিকাশের জন্য অঞ্চলটির সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ডাউনটাউন ওসওয়েগোতে 26.2 মিলিয়ন ডলারের মিশ্র-আয়ের, মিশ্র ব্যবহারের আবাসন নির্মাণকাজ সম্পন্ন হওয়ার ঘোষণা করেছেন। হার্বার ভিউ স্কয়ারে 75টি অ্যাপার্টমেন্ট এবং নিচ তলায় 10,000 বর্গফুটেরও বেশি বাণিজ্যিক স্থান থাকছে। এই উন্নয়ন প্রকল্প ওসওয়েগো নদী ও লেক ওন্টারিওর মিলনস্থলে অবস্থিত যথাযথভাবে ব্যবহৃত না হওয়া সিটির মালিকানাধীন একটি ব্রাউনফিল্ড সাইটকে প্রতিস্থাপন করছে। হার্বার ভিউ স্কয়ার ওসওয়েগোর ডাউনটাউনকে এটির ওয়াটারফ্রন্টের সাথে সংযুক্ত করছে এবং ওসওয়েগো সিটির ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের (Downtown Revitalization Initiative) একটি অগ্রাধিকারমূলক প্রকল্প।

"আমার প্রশাসন অধিবাসীদের জীবন উন্নত করবে এবং আরো বেশি প্রাণবন্ত কমিউনিটির দিকে নিয়ে যাবে এমন উচ্চ-মানসম্মত সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প তৈরি করার মাধ্যমে আবাসন সংকটের মুখোমুখী হয়ে সেটি মোকাবেলা করছে," **বলেছেন গভর্নর হোকল।** "26 মিলিয়ন ডলারের মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পটি পুরো কমিউনিটির জন্য জীবনের মান উন্নত করবে, ওসওয়েগোর জন্য একটি অধিকতর শক্তিশালী অর্থনৈতিক ভবিষ্যত গড়ে তুলবে, এবং একটি অসাধারণ ওয়াটারফ্রন্ট কমিউনিটি হিসেবে এই সিটিকে এটির পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে সাহায্য করবে।"

"হার্বার ভিউ স্কয়ার সংগ্রামে লিপ্ত নিউ ইয়র্কবাসীদের ডাউনটাউন ওসওয়েগোতে নিজের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো একটি স্থান প্রদান করবে," **বলেছেন লেফটেনেন্ট গভর্নর অ্যান্টনিও ডেলগাডো।** "নিউ ইয়র্কের DRI প্রকল্পগুলোর মধ্যে অন্যতম, এই মিশ্র-ব্যবহারের সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্প ওসওয়েগো কমিউনিটিকে এটির ওয়াটারফ্রন্টের সাথে সংযুক্ত হতে সাহায্য করবে এবং ইতোপূর্বে যথাযথভাবে ব্যবহৃত না হওয়া একটি সম্পত্তিতে নতুন প্রাণের সঞ্চার করে ডাউনটাউনকে উন্নত করবে।"

আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের স্টেটব্যাপী পরিকল্পনাকে হার্বার ভিউ স্কয়ার সম্পূরণ করে। 2022-23 সালের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

সিটির একটি সম্পূর্ণ ব্লক নিয়ে নির্মিত হার্বার ভিউ স্কয়ারে রয়েছে 57টি অ্যাপার্টমেন্ট বিশিষ্ট একটি পাঁচ-তলা ভবন এবং 18টি দুই-তলা টাউনহোম। আটচল্লিশটি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের 60 শতাংশ বা তার কম আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে। আঠারোটি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যমান আয়ের (AMI) 90 শতাংশ পর্যন্ত আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে। নয়টি অ্যাপার্টমেন্ট বাজার দরে ভাড়া দেওয়া হবে। এই উন্নয়ন প্রকল্পের মধ্যে, শারীরিক অক্ষমতায় আক্রান্ত অথবা ট্রমাটিক ব্রেন ইনজুরিতে আক্রান্ত ব্যক্তিদের জন্য 11টি পুরোপুরিভাবে অ্যাক্সেসযোগ্য, পুরোপুরিভাবে সামঞ্জস্যপূর্ণ অ্যাপার্টমেন্ট রয়েছে।

আবাসিক সুবিধাগুলোর মধ্যে রয়েছে ফিটনেস সেন্টার, রুফটপ টেরেস, রেসিডেন্ট লাউঞ্জ, বাইক রুম, ও কনফারেন্স রুম। হার্বার ভিউ স্কয়ার লেক ওন্টারিওর উপকূল, ডাউনটাউনের আকর্ষণীয় স্থানসমূহ, খুচরা বিক্রেতাদের দোকান ও রেস্তোরাঁগুলো থেকে হাঁটা দূরত্বের মধ্যে অবস্থিত।

উন্নয়ন প্রকল্পটির অবস্থান, 68 ওয়েস্ট ফার্স্ট স্ট্রিটে (68 West First Street) এর পূর্বে ছিল ফ্লেক্সো ওয়্যার(Flexo Wire), একটি দেশব্যাপী তার প্রস্তুতকারক এবং পরিবেশক। প্রকল্পটি নির্মাণের আগে দীর্ঘ দিন ধরে খালি পড়ে থাকা সম্পত্তিটি নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের (Brownfield Cleanup Program) আওতায় সংস্কার ও ক্লিনআপ কর্মসূচির মধ্য দিয়ে গমন করেছে। এই প্রকল্পের ডেভেলপার হলো হাউজিং ভিশন্স (Housing Visions)।

হার্বার ভিউ স্কয়ার-এ স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা প্রায় 8.5 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে 9.8 মিলিয়ন ডলারের ভর্তুকি। সাইটটি পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রামের মাধ্যমে সফলভাবে সংস্কার করা হয়েছে যা থেকে প্রকল্পটি

সম্পন্ন হওয়ার পরে 4.7 মিলিয়ন ডলারের কর ক্রেডিট পাওয়া যাবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এই উন্নয়ন প্রকল্পের জন্য HCR কর্তৃক প্রদত্ত অনুদানের পাশাপাশি এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) NY-এর সংস্কার (Restore NY) কর্মসূচি থেকে 1.5 মিলিয়ন ডলার এবং ডিপার্টমেন্ট অব স্টেটের (Department of State) ওসওয়েগোর ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ থেকে 740,000 ডলার প্রদান করা হয়েছে। লেভিটিকাস ফান্ড (Leviticus Fund) বাড়তি তহবিল সরবরাহ করেছে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের মাধ্যমে 2016 সালে ওসওয়েগো সিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছিল, যে উদ্যোগের উদ্দেশ্য ছিল স্থানীয় অর্থনীতি উন্নত করা এবং লোকজন বসবাস করতে ও কাজ করতে চাইবে এমন প্রাণবন্ত শহুরে কেন্দ্রসমূহ তৈরি করা। হার্বার ভিউ স্কয়ার ওসওয়েগোর DRI পরিকল্পনায় শনাক্ত হওয়া বেশ কিছু লক্ষ্য মোকাবেলায় কাজ করছে, যার মধ্যে নতুন আবাসিক সুযোগ-সুবিধা তৈরি করা এবং ডাউনটাউনের প্রাণবন্ত অবস্থা জোরদার করা, এবং ডাউনটাউন ওসওয়েগোকে এটির ওয়াটারফ্রন্টের সঙ্গে সংযুক্ত করা অন্তর্ভুক্ত রয়েছে। স্টেটজুড়ে DRI-এর সফলতার সঙ্গে যোগ দিতে, আজ এর আগে গভর্নর হোকল অপেক্ষাকৃত ক্ষুদ্র ও গ্রামীণ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে পরিচালিত একটি নতুন কর্মসূচি, NY ফরওয়ার্ড (NY Forward) এবং DRI-এর রাউন্ড 6-এর জন্য 100 মিলিয়ন ডলারের অনুদান বরাদ্দ দেওয়ার কথা ঘোষণা করেছেন।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "হার্বার ভিউ স্কয়ার ওসওয়েগোর ক্রমবর্ধমান ও ক্রমশ প্রাণবন্ত হয়ে উঠা ডাউনটাউনের জন্য একটি সত্যিকারের রূপান্তরমূলক উন্নয়ন প্রকল্প। দীর্ঘ দিন ধরে খালি পড়ে থাকা একটি ম্যানুফ্যাকচারিং সাইটকে 75টি নতুন বাড়ি এবং খুচরা দোকানের জায়গা দিয়ে প্রতিস্থাপন করার মাধ্যমে, আমরা অধিবাসীদের জন্য ওসওয়েগোর অফার করা সবটুকু সুফল উপভোগ করার নতুন সুযোগ তৈরি করছি। ডাউনটাউন ওসওয়েগোর উন্নতির দিকে এগিয়ে যাওয়া এই প্রকল্পের মতো স্মার্ট উন্নয়ন প্রকল্পগুলোর উপর নির্ভরশীল যেগুলো মানসম্মত বাড়ি প্রদান করবে এবং সিটিকে বসবাসের জন্য আরো বেশি বৈচিত্র্যপূর্ণ, সাশ্রয়ী ও নান্দনিক স্থান করে তুলবে।"

সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "একটি সমতাপূর্ণ ও সাশ্রয়ী উপায়ে নতুন ও আকর্ষণীয় আবাসন সুবিধা প্রদানের জন্য ওসওয়েগোর অঙ্গীকারাবদ্ধতা এই রূপান্তরমূলক ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের প্রকল্পটির মধ্য দিয়ে পুরোপুরিভাবে প্রদর্শিত হচ্ছে। হার্বার ভিউ স্কয়ার সিটির সযত্নে লালিত ওয়াটারফ্রন্ট থেকে স্বল্প দূরত্বে অবস্থিত একটি পরিত্যক্ত, সাবেক দূষিত শিল্পখাতে ব্যবহৃত ভবনকে একটি প্রাণবন্ত নতুন মিশ্র-আয়ের ও মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্প দিয়ে প্রতিস্থাপন করছে। এই প্রকল্প এবং অন্য কয়েকটি প্রকল্প সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে, ওসওয়েগো DRI সব আয়ের ও পটভূমির লোকজনকে সেবা দেওয়ার জন্য একটি নান্দনিক, নিবিড় ও হেঁটে চলাচলের উপযুক্ত ডাউনটাউন তৈরি করেছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নরের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ এবং NY-এর সংস্কার উদ্যোগের মাধ্যমে, ডাউনটাউনগুলো সত্যিকার অর্থেই সমৃদ্ধশীল, সংযুক্ত হাব এবং তাদের কমিউনিটিগুলোর

কেন্দ্রস্থল হয়ে উঠছে। এক সময়ের পরিত্যক্ত এই ব্রাউনফিল্ডকে নান্দনিক হার্বার ভিউ স্কয়ার মিশ্র-ব্যবহারের ফ্যাসিলিটিতে রূপান্তর করা ওসওয়েগোকে হেঁটে চলাচলের উপযুক্ত একটি ডাউনটাউন গড়ে তোলার রূপকল্পের কাছাকাছি এগিয়ে নিয়ে যাবে, যেখানে লোকজন বসবাস করতে, কাজ করতে ও খেলাধুলা করতে আগ্রহী হবে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের বাসিল সেগোস বলেন, "নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে পরিত্যক্ত সম্পত্তির পুনঃউন্নয়নের জন্য DEC-র ব্যবহৃত হাতিয়ারগুলোর মধ্যে একটি হিসেবে রয়ে গেছে। হার্বার ভিউ স্কয়ারে এই উন্নয়ন প্রকল্প কিভাবে যথাযথভাবে ব্যবহৃত না হওয়া পরিত্যক্ত সম্পত্তিকে কমিউনিটির কাছে ফিরিয়ে দেওয়া যায় তারই একটি শক্তিশালী উদাহরণ, যা একই সময়ে স্থানীয় অর্থনীতি ও পরিবেশ উভয়কে উপকৃত করে। এই প্রকল্প সফল করার জন্য সম্পৃক্ত থাকা সবাইকে আমি সাধুবাদ জানাই।"

হাউজিং ভিশন্স-এর প্রেসিডেন্ট ও CEO, বেন লকউড বলেন, "হাউজিং ভিশন্স ওসওয়েগো কমিউনিটি ও নিউ ইয়র্ক স্টেটের সঙ্গে অংশীদার হতে পেরে আনন্দিত। হার্বার ভিউ স্কয়ার লেক ওন্টারিও সংলগ্ন একটি দূষিত, যথাযথভাবে ব্যবহৃত না হওয়া স্থানকে উচ্চ মানসম্মত, মিশ্র-আয়ের, মিশ্র-ব্যবহারের আবাসনের মাধ্যমে উৎপাদনমুখী ব্যবহারে ফিরিয়ে এনেছে। ওসওয়েগোর সফল ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হতে পেরে আমরা গর্বিত এবং সব মানুষের সেবা করার জন্য কমিউনিটির সমৃদ্ধি ও সফলতা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা রাখি।"

স্টেটের সিনেটর প্যাটি রিচি বলেন, "হার্বার ভিউ স্কয়ার প্রকল্প সম্পন্ন হয়েছে দেখে আমি আনন্দিত, যা এমন গুরুত্বপূর্ণ একটি প্রচেষ্টা যেটি ওসওয়েগো সিটির একটি যথাযথভাবে ব্যবহৃত না হওয়া সাইটকে নিয়ে সেটিকে লোকজন বসবাস করবে এবং সেইসাথে নতুন বাণিজ্যিক স্থানে কেনাকাটার জন্য ভিজিট করবে এমন একটি স্থানে রূপান্তর করতে সাহায্য করেছে। সেইসাথে, ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের একটি প্রকল্প হিসেবে, এটি ওসওয়েগো ডাউনটাউনের পুনর্জাগরণ অব্যাহত রাখতে সাহায্য করবে, এবং এই এলাকা ও নান্দনিক লেক ওন্টারিও ওয়াটারফ্রন্টের মধ্যকার সংযোগ শক্তিশালী করবে। এই নতুন হার্বার ভিউ স্কয়ার সিটিতে যে পরিবর্তন নিয়ে আসবে আমি তা দেখার জন্য উচ্ছসিত হয়ে আছি এবং এই প্রকল্পে বিনিয়োগের জন্য স্টেটকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলির সংখ্যালঘু অংশের নেতা উইল বার্কলে বলেন, "এটির উৎকৃষ্ট অবস্থান এবং শীর্ষ-মানের সুযোগ-সুবিধা নিয়ে, হার্বার ভিউ স্কয়ার সম্পন্ন হওয়াটা ওসওয়েগো সিটি এবং এর অধিবাসী উভয়ের জন্য একটি অসাধারণ আশীর্বাদ হয়ে উঠবে। স্থানীয় কর্মকর্তা ও স্টেকহোল্ডারদের রূপকল্প ও দক্ষতার সঙ্গে ফেডারেল ও স্টেট তহবিলের সম্মিলন ঘটানোর মাধ্যমে প্রকল্পটি সত্যিকার অর্থেই একটি সহযোগিতামূলক প্রচেষ্টা হয়ে উঠেছে। মনোমুগ্ধকর লেক ওন্টারিও ওয়াটারফ্রন্ট থেকে মাত্র কয়েক ব্লক দূরত্বে অবস্থিত এই অভিনব, মিশ্র-ব্যবহারের উন্নয়ন প্রকল্পকে আমি বেড়ে উঠতে ও সমৃদ্ধ হতে দেখার প্রত্যাশা রাখি।"

ওসওয়েগোর মেয়র উইলিয়াম জে. বারলো বলেন, "নতুন হার্বার ভিউ স্কয়ার সম্পত্তিটির কাজ সম্পন্ন করে সেটি উন্মুক্ত করে দেওয়ায় আমি হাউজিং ভিশন্সকে সাধুবাদ জানাই। হাউজিং ভিশন্স-এর সঙ্গে কাজ করা একটি আনন্দদায়ক অভিজ্ঞতা ছিল কারণ এই প্রকল্পটি যথাযথভাবে ব্যবহৃত না হওয়া একটি ব্রাউনফিল্ড সাইটের উন্নয়ন করে ওসওয়েগোর বাজারে উচ্চ মানসম্মত ও সাশ্রয়ী আবাসন ইউনিট নিয়ে আসার মাধ্যমে আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ উপাদান ছিল। সর্বশেষ ফলাফল নিয়ে কমিউনিটি অত্যন্ত গর্বিত এবং আমাদের নতুন, ডাউনটাউন উন্নয়ন প্রকল্পগুলোর পোর্টফোলিওতে হার্বার ভিউ স্কয়ারকে অন্তর্ভুক্ত করতে পেরে আমরা গর্বিত।"

CNY রাইজিং ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য এখানে রয়েছে।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ সম্পর্কে

স্টেট বিভাগের নেতৃত্বে পরিচালিত ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ একটি নজিরবিহীন ও অভিনব "পরিকল্পনার-মাধ্যমে-ব্যবস্থাগ্রহণ" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলগত পরিকল্পনার সাথে তাৎক্ষণিক বাস্তবায়নের সংযোগ স্থাপন করে। এই প্রচেষ্টার ফলাফল হলো প্রাণবন্ত, নিবিড়, হেঁটে চলাচলের উপযুক্ত ও বৈচিত্র্যপূর্ণ ডাউনটাউন যা নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে অর্থনীতিকে পুনরায় গড়ে তুলতে সাহায্য করার ক্ষেত্রে এবং একইসাথে গণপরিবহনের ব্যবহারের প্রসার ঘটানো এবং বেসরকারি যানবাহনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনার মাধ্যমে স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্যসমূহ অর্জনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান। এছাড়া DRI হেঁটে চলাচলের উপযুক্ত/বাইকে চলাচলের উপযুক্ত কমিউনিটিগুলো তৈরি, ঘরের বাইরে চিত্তবিনোদনের আরো বেশি সুযোগ গড়ে তোলা এবং সতেজ, স্থানীয়, পুষ্টিকর খাবারের অ্যাক্সেস সম্প্রসারণ করার মাধ্যমে স্টেটের সব নীতিতে স্বাস্থ্য (Health Across All Policies)/বয়স-বান্ধব NY (Age-Friendly NY) উদ্যোগকেও সহায়তা করছে।

2016 সালে কার্যক্রম শুরুর পর থেকে DRI পুনরুজ্জীবিতকরণের জন্য উপযুক্ত এবং পুনঃউন্নয়ন, ব্যবসা প্রতিষ্ঠান, কর্মসংস্থান তৈরি, অর্থনৈতিক সুযোগ-সুবিধা ও আবাসনের বৈচিত্র্য গড়ে তোলার সম্ভাবনা রয়েছে এমন 59টি ডাউনটাউনে 600 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে। ডাউনটাউনের যোগ্যতা ও রূপান্তরণের ভিত্তিতে অংশগ্রহণকারী কমিউনিটিগুলিকে স্টেটের 10-টি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল মনোনীত করেছে।

একটি ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন এবং পুনরুজ্জীবিতকরণের জন্য কমিউনিটির ভিশনকে সামনে এগিয়ে নিবে এবং আরো বেশি বেসরকারি ও সরকারি বিনিয়োগকে কাজে লাগাবে এমন গুরুত্বপূর্ণ অনুঘটক প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য প্রতিটি কমিউনিটিকে 10 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। DRI সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এখানে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418